



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস এর পায়ে হেঁটে ১৫০ কিলোমিটার পথ পরিভ্রমণ



বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বোচ্চ সংখ্যক প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী ঐতিহ্যবাহী জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস এর পাঁচ (৫) জন রোভার "কোভিড-১৯ স্বাস্থ্য বিধি" মেনে শ্রীমঙ্গল থেকে জাফলং পর্যন্ত ১৫০ কিলোমিটার পথ পায়ে হেঁটে পরিভ্রমণের উদ্দেশ্যে আগামী ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখ থেকে যাত্রা শুরু করবে।

এই উপলক্ষে ২৪ সেপ্টেম্বর ২০২০-বৃহস্পতিবার রোভার স্কাউটস এর উক্ত সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস এর গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান খন্দকার সহ অন্যান্য রোভারবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য রোভার স্কাউটস এর সর্বোচ্চ সম্মান "প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড" প্রাপ্তির লক্ষ্যে পরিভ্রমণ ব্যাজ অর্জন করার জন্য তারা এই পরিভ্রমণ সম্পন্ন করবে।